



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।
www.dpe.khulnadiv.gov.bd



বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, খুলনা এর নৈতিকতা কমিটির সভা-আগস্ট/২০২১ মাসের কার্যবিবরণী

সভাপতি : মাহবুব এলাহী, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।

সভার স্থান: বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, খুলনা।

তারিখ : ২৬ আগস্ট, ২০২১।

গময় : সকাল: ১১:০০টা।

আলোচ্য বিষয়ঃ

- ১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন।
- ২) ওয়েব পোর্টালের সকল সেবাবক্স হালনাগাদ।
- ৩) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন সম্পর্কিত আলোচনা।
- ৪) বিবিধ।


অদ্য ২৬.০৮.২০২১ তারিখ সকাল ১১ঃ০০ টায় বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, খুলনা এর নৈতিকতা কমিটির সভা জনাব মাহবুব এলাহী, বিভাগীয় উপপরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

২। উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

৩। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভা উপস্থাপনা করেন জনাব মোঃ আশরাফুল আলম, শিক্ষা অফিসার, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, খুলনা ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন	প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৩ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখের ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০২.২০২০-১০৬৮ নং স্মারক পত্রে উল্লেখিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের কর্মপরিকল্পনা অনুযায়ী বিভাগীয় পর্যায়ে সেমিনার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী সেপ্টেম্বর/২০২১ মাসে বিভাগীয় পর্যায়ে সেমিনার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিডি/ডিপিইও/ সুপার(পিটিআই)
২	ওয়েবপোর্টালের সকল সেবাবক্স হালনাগাদকরণ	খুলনা বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়ের ওয়েবপোর্টালের সেবাবক্সগুলো নিয়মিত হালনাগাদ করার বিষয়ে বিভাগীয় উপপরিচালক মহোদয় শিক্ষা অফিসার জনাব মোঃ আশরাফুল আলম এর দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান ওয়েবপোর্টালের সেবাবক্সগুলো নিয়মিত হালনাগাদ করা হয়।	খুলনা বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়সহ অধীনস্থ দপ্তরসমূহের ওয়েবপোর্টালের সকল সেবাবক্স নিয়মিত প্রতিমাসেই হালনাগাদ করতে হবে।	ডিপিইও/ সুপার/ইউইও / ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)
৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন সম্পর্কিত আলোচনা	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আলোকে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হবে মর্মে শিক্ষা অফিসার সভায় অবহিত করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এ গৃহীত সকল কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়নের জন্য বিভাগীয় উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	শিক্ষা অফিসার (অত্র দপ্তর)

৪। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মাহবুব এলাহী)

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা
ফোনঃ ০২৪৭৭-৭২১২১০

স্মারক নং-৩৮.০১.৪০০০.০০০.০৫.০০৩.১৯- ১২৩৬/১৪১

তারিখঃ ২৩ আদ্র, ১৪২৮ বঙ্গাব্দ।
২৬ আগষ্ট, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃঃ আঃ পরিচালক (প্রশাসন)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ, খুলনা।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), খুলনা বিভাগ, খুলনা।
- ৪। থানা/উপজেলা শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ, খুলনা।
- ৫। ইন্সট্রাক্টর, থানা/উপজেলা রিসোর্স সেন্টার (সকল), খুলনা বিভাগ, খুলনা।
- ৬। সংরক্ষণ নথি।

(মাহবুব এলাহী)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা